মোনাখালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের দ্বিতীয় খেলায় শালিকা টাইগার ক্লাবকে ১-০ গোলে হারিয়ে মোনাথালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ বুধবার বিকালে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথমার্ধের ১৫ মিনিটের সময় মোনাখালি ইউনিয়ন একাদশের রক্ষণভাগের খেলোয়াড় রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর উভয় দলই মরিয়া হয়ে ওঠেন গোল দিতে। কিন্তু আর কেউ কোনো গোল দিতে পারেনি। তবে, উভয় দলই বারবার গোল দেওয়ার সুযোগ তৈরী করতে পারলেও গোল পোষ্টে বল প্রবেশ করাতে পারেনি। খেলায় মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়ার্ড রুমনকে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

রুমনের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন খেলা পরিচালনা কমিটির আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, সদস্য শামীম জাহাঙ্গীর সেন্টু, আমিরুল ইসলাম অল্ডাম ও ধারাভাষ্যকার রুহুল আমিন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, আহবায়ক কমিটির সদস্য হাসানুজজামান বাবু, সেলিম রেজা, জাহাঙ্গীর আলম, মাহাবুব হাসান ডালিম প্রমুখ।

রেফরি হিসাবে মাঠে খেলা পরিচালনা করেন মাহাবুবুর রহমান, সহকারি রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন ও সোহেল রানা। চতুর্থ রেফরি ছিলেন টুটুল আহমেদ।

ধারাভাষ্যে ছিলেন আমুঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি) সেমি ফাইনালে!

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের প্রথম দিনের খেলায় ট্রাইবেকারে রামদেবপুর ফ্রেন্ডস ক্লাবকে হারিয়ে সেমি ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছেন ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি)।

আজ মঙ্গলবার বিকালে উত্তেজনাপূর্ণ খেলাটিতে উভয় দলের কেউ কোনো গোল করতে না পারায় শেষ পর্যন্ত খেলাটি ট্রাইবেকারে গড়াই। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল করার সূবর্ণ সুযোগ হারায়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন এফসিবি’র ফরোয়ার্ড শামীম আহমেদ। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। এদিকে ট্রাইবেকারে দুটি গোল সেভ করার জন্য এফসিবি’র গোল কিপার ফয়সালকে লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি টি শার্ট উপহার দেওয়া হয়।

শামীমের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির উপদেষ্টা প্রবীন খেলোয়াড় ও জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম আব্দুস সামাদ ও মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক রমজান আলী, এসময় সদস্য সচিব মাহাবুব চান্দু ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের টুর্নামেন্টের আহবায়ক, সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, মাহাবুব হাসান ডালিম।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ উদ্দীন। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার হাজারো ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১৪ জুন, দ্বিতীয় রাউন্ডের ২য় খেলা মোনাখালি ইউনিয়ন একাদশ বনাম শালিকা ট্রাইগার ক্লাব। সময়: বিকাল ৪ টা।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে রঘুনাথপুর একাদশ জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের প্রথম রাউন্ডের ১০ম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকাল ৪টায় জয়রামপুর ইউথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ১০ম ম্যাচে মুখোমুখি মাঠে নামে লোকনাথপুর একাদশ বনাম রঘুনাথপুর একাদশ।

খেলায় লোকনাথপুর একাদশ কে ৫-০গোলে হারিয়ে প্রথম রাউন্ডে বিদায় জানালো রঘুনাথপুর একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ১৯৬১ সালের জয়রামপুর ইয়ুথ ক্লাবের গোল রক্ষক মুন্নাফের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় রঘুনাথপুর একাদশের ১০নং জার্সি পরিহিত দিপু কে।

প্রধান অতিথি ৯০ বছর বয়সের গোল রক্ষক মুন্নাফ বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়। একজন ভালো

খেলোয়াড় হতে হলে, সেই ব্যক্তিকে নিয়মিত প্র্যাকটিস করতে হবে, আর প্র্যাকটিস ছাড়া কোন কিছুর ভালো ফলাফল আশা করা যায় না। যারা যত প্র্যাকটিস করেছে তারা তত জয় লাভ করেছে।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, সিরাজুল ইসলাম মাস্টার, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো,মালেক ভুঁইয়া, আব্দুল খালেক, রাজীব, স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ ও আজমল।

কোটচাঁদপুরে ম্যানেজিং কমিটির নির্বাচনে জুয়েল প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে কোটচাঁদপুরের পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিদ্যালয়ে এ নির্বাচন হয়। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং অফিসার রতন মিয়া জানান, মোট ভোটার ছিল ৪৭০ জন। এরমধ্যে ভোট পোল হয়েছে ৩৯৮ টি। দুইটি প্যানেলে ১০ জন এ নির্বাচনে অংশগ্রহণ করেন। এরমধ্যে রয়েছে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেলের আব্দুল ওহাব,আমিনুল হক,জাকির হোসেন,লিটন আলী বিউর খাতুন।

আর ইউপি সদস্য আশরাফুল আলমের প্যানেলের আনিচুর রহমান, নজির হোসেন,রেজাউল করিম,শামীম হোসেন,কুসসুম বিবি।

বুধবার সকাল ১০ টার সময় ভোট গ্রহন শুরু হয়। যা চলে বিরতিহীন